গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

০৩ আশ্বিন, ১৪২৩

নং- বিইআরসি/অর্থ ও হিসাব/কর্মকর্তা-কর্মচারীদের কল্যাণ তহবিল/অর্থ-০২৯/৫৫৩৩ তারিখঃ ----------

১৮ সেপ্টেম্বর, ২০১৬

**বিষয় : বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন ক্রীড়া, সংস্কৃতিক এবং কল্যাণ পরিষদ গঠনতন্ত্রের এর উপর মতামত প্রদান।**

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, গত ২৮ আগস্ট, ২০১৬ তারিখে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন ক্রীড়া, সংস্কৃতিক এবং কল্যাণ পরিষদ গঠনতন্ত্রের উপর কমিশনের সম্মুখে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন অনুষ্ঠিত হয়। উক্ত উপস্থাপনা শেষে কমিশন সন্তুষ্টি প্রকাশ করে কমিশনের কর্মকর্তা-কর্মচারীগণের কল্যাণার্থে এরূপ একটি পরিষদ গঠনের বিষয়ে অভিমত প্রকাশ করা হয়। তবে এ বিষয়ে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীগণের মতামত গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।

২। উক্ত নির্দেশনার আলোকে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন ক্রীড়া, সংস্কৃতিক এবং কল্যাণ পরিষদ গঠনতন্ত্র (কপি সংযুক্ত) এর উপর আপনার সুচিন্তিত মতামত লিখিত আকারে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী।

Tanvir Alam 18/09/16

শাহী মোঃ তানভীর আলম
সহকারী পরিচালক (অর্থ)
বিইআরসি, ঢাকা।

**কার্যার্থে বিতরণঃ-**

১। সচিব/পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
২। উপ- পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৩। সহকারী পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৪। কর্মচারী (সকল), বিইআরসি, ঢাকা।
৫। অফিস কপি।

# বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন ক্রীড়া, সংস্কৃতি ও কল্যাণ পরিষদ

## গঠনতন্ত্র :

১। **সংজ্ঞা :** বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই গঠনতন্ত্রে;

(ক) "পরিষদ" অর্থ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন ক্রীড়া, সংস্কৃতি ও কল্যাণ পরিষদ;

(খ) "সভ্য" অর্থ পরিষদের সভ্য;

(গ) "কতৃপক্ষ" অর্থ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন;

(ঘ) "কমিটি" অর্থ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন ক্রীড়া, সংস্কৃতি ও কল্যাণ পরিষদ কার্যনির্বাহী কমিটি;

২। **শিরোনাম:**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন ক্রীড়া, সংস্কৃতি ও কল্যাণ পরিষদ নামে অভিহিত হইবে।

৩। **কার্যালয়:**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের প্রধান কার্যালয়ে অবস্থিত হইবে।

৪। **অধিক্ষেত্র:**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের প্রধান কার্যালয় এবং শাখা কার্যালয় (যদি খোলা হয়) ইহার অধিক্ষেত্র হিসাবে গণ্য হইবে।

৫। **উদ্দেশ্যে:**

(ক) ইহা একটি অরাজনৈতিক, শিক্ষা, সংস্কৃতিক, কর্মচারী কল্যাণ ও ক্রীড়া উন্নয়নমূলক পরিষদ;

(খ) ইহা জাতীয় ক্ষেত্রে সাহিত্য ও সাংস্কৃতিক উন্নয়নের পরিবেশ সৃষ্টিতে সচেষ্ট থাকিবে;

(গ) চিত্ত বিনোদনমূরক সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে বাংলাদেশের কৃষ্টি ও ঐতিহ্য বিকাশে সচেষ্ট থাকিবে;

(ঘ) খেলাধুলার মাধ্যমে কমিশনের কর্মচারীদের মানসিক ও দৈহিক উন্নতি সাধন করা, সকল কর্মচারীদের মধ্যে খেলোয়াড়ী মনোভাব ও শৃঙ্খলাবোধ জাগাইয়া তোলা এবং কর্তব্য চেতনাবোধ উদ্বুদ্ধ করা এবং জাতীয় পর্যায়ে ক্রীড়ার মান উন্নয়নে সচেষ্ট থাকা;

(ঙ) কমিশনের কর্মচারীদের একে অপরের প্রতি ভ্রাতৃ-সুলভ মনোভাব গড়িয়া তুলিতে সচেষ্ট থাকা;

(চ) কমিশনের নিম্ন বেতনভূক্ত কর্মচারীদের কল্যাণার্থে যথোপযুক্ত সাহায্য ও সহযোগিতা প্রদানে সচেষ্ট থাকিবে।

৬। **সভ্য:**

(ক) কমিশনের সকল নিয়মিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ এই পরিষদের সভ্য হিসাবে পরিগণিত হইবে;

(খ) পরিষদের উন্নয়নে দৃষ্টান্তমূলক কাজের স্বীকৃতি স্বরূপ কোন পৃষ্টপোষককে এবং সভ্যকে পরিষদ আজীবন সভ্যপদ প্রদান করিতে পারিবেন।

৭। **চাঁদা ঃ**

পরিষদ সভ্য পদ লাভ অথবা ঐ পদ অব্যাহত রাখার জন্য কোন অফিসার বা কর্মচারীকে কোন চাঁদা দিতে হইবে না। তবে কোন বিশেষ উপলেক্ষে যেমন- বনভোজন, ভোজন ইত্যাদিতে অংশগ্রহনার্থে পরিষদ কর্তৃক নির্ধারিত হারে চাঁদা দিতে হইবে।

৮। **সভ্যদের অধিকার ঃ**

সাধারণ সভ্য এবং কার্যনির্বাহী কমিটির সদস্যগণ যোগ্যতা অনুসারে যে কোন অনুষ্ঠানে অংশগ্রহনের সুযোগ পাইবেন।

৯। সভ্যপদ বাতিল ঃ

নিম্নলিখিত যে কোন কারণে পরিষদের সভ্যপদ বাতিল বলিয়া গণ্য হইবে ঃ

ক) পরিষদের নিয়মাবলী বা কোন সিদ্ধান্ত ভংগ করিলে অথবা গঠনতন্ত্রের ধারা লংঘন করিলে;

খ) সাধারণ সভ্যদের মধ্য হইতে কাহারো আচরণ বা কার্যকলাপ যদি পরিষদের স্বার্থের পরিপন্থী হয় এবং উক্ত ব্যবহারে যদি কোন সভ্য লিখিত রিপোর্ট দেন এবং কার্যনির্বাহী কমিটি অথবা কমিটি কর্তৃক নিয়োজিত কোন ব্যক্তি বা কমিটির প্রাথমিক তদন্তের ফলে যদি অভিযুক্ত সভ্যের প্রাথমিক অপরাধ প্রমানিত হয়, তবে উক্ত সভ্যকে কারণ দর্শানোর জন্য অন্ততঃ ৭

(সাত) দিনের নোটিশ প্রদান করিয়া এবং প্রদর্শিত কারণ বিবেচনার পর কেবলমাত্র কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্তের উপর ভিত্তি করিয়া উক্ত সভ্যের বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হইবে।

গ) কোন সভ্যকে কার্যনির্বাহী কমিটি বহিস্কার করিলে বহিস্কৃত সভ্য কার্যনির্বাহী পরিষদের সাধারণ সভায় বহিস্কারের বিরুদ্ধে আপিল করিতে পারিবেন এবং আপিল মঞ্জুর হইলে তিনি পুনঃ সদস্যপদ লাভ করিবেন;

ঘ) সভ্যপদ হইতে কেহ স্ব-ইচ্ছায় লিখিতভাবে ইস্তফা প্রদান করিলে কার্যনির্বাহী পরিষদ তাহা গ্রহন করিতে পারেন।

১০। সাধারণ সভা ঃ

ক) পরিষদের সাধারণ সম্পাদক প্রতি বৎসর জুন মাসে পরিষদের বার্ষিক সাধারণ সভা আহবান করিবেন;

খ) সাধারণ সম্পাদক সভাপতির পরামর্শক্রমে সভার স্থান, সময়, তারিখ ও আলোচ্য সূচী উল্লেখপূর্বক অন্ততঃ ১৫ (পনের) দিন পূর্বে সাধারণ সভার লিখিত নোটিশ জারী করিবেন।

১১। সাধারণ সভার কার্যাবলী ঃ

ক) সাধারণ সভায় সাধারণ সম্পাদক কার্যনির্বাহী কমিটির বিগত বৎসরের কার্যাদি সম্পর্কে বার্ষিক রিপোর্ট পেশ করিবেন;

খ) সাধারণ সভায় পরিষদের ভবিষ্যৎ পরিকল্পণা প্রনয়ণ করা হইবে;

গ) সাধারণ সভায় গৃহীত প্রস্তাবলী কমিশনের চেয়ারম্যান কর্তৃক অনুমোদিত হওয়ার পরই কার্যকর বলে বিবেচিত হইবে;

১২। কার্যনির্বাহী পরিষদ গঠন এবং সদস্যবৃন্দ:

ক) কমিশনের চেয়ারম্যান কমিশনে নিয়োজিত কর্মকর্তা এবং কর্মচারীদের মধ্য হইতে মনোয়নের মাধ্যমে কার্যনির্বাহী পরিষদের কর্মকর্তা ও সদস্য মনোনীত করিবেন। পরিষদের মেয়াদ কালের মধ্যে কমিশনের চেয়ারম্যান যদি এই মর্মে সন্তুষ্টি লাভ করেন যে পরিষদের কোন কর্মকর্তা বা সদস্য যে কোন কারণে নিজ দায়িত্ব পালন করিতেছেন না অথবা ০৯ নং ধারা অনুযায়ী তাহার সদস্য পদ বাতিল হইয়াছে, তবে চেয়ারম্যান লিখিত আদেশ বলে তাহাকে কার্যনির্বাহী পরিষদ হইতে অপসারণ করিয়া খালি পদে অন্য কর্মকর্তা/কর্মচারীকে মনোনিত করিতে পরিবেন।

খ) ৫ নং ধারা মোতাবেক পরিষদের দৈনন্দিন কার্য পরিচালনা বা নির্বাহের জন্য একটি কার্যনির্বাহী কমিটি থাকিবে। পরিষদের পরিচালনা, প্রশাসন, উদ্দেশ্য ও লক্ষ্য অর্জনের পথে যাবতীয় বিষয়ে কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

গ) পদাধিকার বলে কমিশনের চেয়ারম্যান পরিষদের প্রধান পৃষ্টপোষক হইবেন।

ঘ) সদস্যগণ পৃষ্টপোষ্টক হইবেন।

ঙ) কার্যনির্বাহী কমিটির মেয়াদকাল ০২ (দুই) বছর হইবে এবং ইহা অর্থ বছর মোতাবেক হইবে।

চ) কার্যনির্বাহী কমিটি নিম্নরূপভাবে গঠিত হইবে।

(১) সভাপতি : ০১ জন (সেক্রেটারী/পরিচালক (অর্থ)

(২) সহ-সভাপতি : ০২ জন (পরিচালক/সেক্রেটারী পদ মর্যাদার কর্মকর্তা)

(৩) সাধারণ সম্পাদক : ০১ জন (উপ-পরিচালক পদ মর্যাদার কর্মকর্তা)

(৪) যুগ্ম-সম্পাদক : ০১ জন (সহকারী পরিচালক পদ মর্যাদার কর্মকর্তা)

(৫) কোষাধ্যক্ষ : ০১ জন (অর্থ বিভাগের উপ-পরিচালক/ সহকারী পরিচালক পদ মর্যাদার কর্মকর্তা)

(৬) সহকারী কোষাধ্যক্ষ : ০১ জন (হিসাব রক্ষক/সহ-হিসাব রক্ষক)

(৭) ক্রীড়া সম্পাদক ; ০১ জন (প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের মধ্য হইতে)

(৮) সহকারী ক্রীড়া সম্পাদক: ০১ জন (কর্মচারীদের মধ্য হইতে)

(৯) সংস্কৃতি, কল্যাণ ও প্রচার সম্পাদক : ০১ জন (প্রথম শ্রেণীর কর্মকর্তাদের মধ্য হইতে)

(১০) সহকারী সংস্কৃতি, কল্যাণ ও প্রচার সম্পাদক : ০১ জন (কর্মচারীদের মধ্য হইতে)

(১১) নির্বাহী সদস্য : ১০ জন নিম্নরূপভাবে;

০১ জন (প্রাক্তন সাধারণ সম্পাদক)
০১ জন (সহকারী পরিচালক, বিদ্যুৎ)
০১ জন (সহকারী পরিচালক, গ্যাস)
০১ জন (সহকারী পরিচালক, পেট্রোলিয়াম)
০১ জন (সহকারী পরিচালক, প্রশাসন)
০১ জন (সহকারী পরিচালক, অর্থ)
০১ জন (২য় শ্রেণী কর্মকর্তাদের মধ্য হইতে)
০৩ জন (তৃতীয় শ্রেণী কর্মচারীদের মধ্য হইতে)
**মোট ২১ জন**

১৩। <u>কার্যনির্বাহী কমিটির সভা:</u>

ক) সভাপতির সাথে পরামর্শক্রমে সাধারণ সম্পাদক কর্তৃক ন্যূনতম ০৭ (সাত) দিনের নোটিশে কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হইবে। প্রয়োজনবোধে সভাপতির নির্দেশক্রমে সাধারণ সম্পাদক ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশে জরুরী সভা আহবান করিতে পরিবেন।

খ) কার্যনির্বাহী কমিটির বৈঠক অন্তত:পক্ষে দুই মাসে একবার অনুষ্ঠিত হইবে।

গ) ১/৩ সদস্যের উপস্থিতিতে সভায় কোরাম হইবে। সভায় কোরাম পূর্তি না হইলে উপস্থিত সদস্যগণ প্রস্তাব গ্রহণপূর্বক পুনরায় সভা আহবান করিবেন।

ঘ) যে কোন প্রস্তাব উপস্থিত সদস্যদের সাধারণ ভোটাধিক্যে গৃহীত হইবে। দুই পক্ষে ভোট সমান হইলে সভাপতি কাস্টিং ভোট প্রদান করিয়া মীমাংসিত করিবেন।

ঙ) কার্যনির্বাহী কমিটির কোন সদস্য ক্রমান্বয়ে তিনটি সভায় সংগত কারণ ছাড়া অনুপস্থিত থাকিলে তিনি সদস্য পদে বহাল থাকিবেন না।

চ) সভায় সিদ্ধান্তবলী একটি রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে।

১৪। <u>কার্যনির্বাহী কমিটির দায়িত্ব ও কর্তব্য :</u>

ক) কার্যনির্বাহী কমিটি প্রতি বৎসর উহার ১ম সভায় পরিষদের বিভিন্ন খাতে ব্যয় বরাদ্দের বাজেট প্রস্তাব পরিচালক অর্থের নিকট পেশ করিবেন।

খ) পরিষদের উদ্দেশ্য বাস্তবায়ণের জন্য সমষ্টিগতভাবে কার্যনির্বাহী কমিটি দায়ী থাকিবেন।

গ) কার্যনির্বাহী কমিটি সভ্যদের জন্য ক্রীড়া, সংস্কৃতি, কল্যাণ ও শিক্ষামূলক অনুষ্ঠানের আয়োজন করিবেন এবং বাজেট বরাদ্দ মোতাবেক প্রয়োজনীয় অর্থ ব্যয় করিবেন।

ঘ) কার্যনির্বাহী কমিটি প্রয়োজনবোধে কার্যনির্বাহী সদস্যদের দুই-তৃতীয়াংশের অনুমোদনক্রমে গঠনতন্ত্রের সংশোধন, পরিবর্তন, সংযোজন ও পরিবর্ধন করিতে পারিবেন যাহা পরবর্তী সাধারণ সভা কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

১৫। **কার্যনির্বাহী কমিটি সদস্যবৃন্দের দায়িত্ব ও কর্তব্য:**

**সভাপতি:**

ক) সভাপতি কমটির সকল সভায় সভাপতিত্ব করিবেন।
খ) তিনি সাধারণ সম্পাদক এবং কার্যনির্বাহী কমিটির অন্যান্য সদস্যদের উপর অর্পিত দায়িত্ব যাহাতে সম্পাদিত হয় তাহা তদারকি করিবেন।

**সহ-সভাপতি:**

সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতিদ্বয়ের মধ্যে জ্যৈষ্ঠতার ভিত্তিতে একজন সভাপতিত্ব করিবেন।

**সাধারণ সম্পাদক:**

সাধারণ সম্পাদক সভাপতির সহিত আলোচনাক্রমে কার্যনির্বাহী কমিটির সকল সভায় আলোচ্য সূচী প্রণায়ন পূর্বক সভা আহবান করিবেন। তিনি বাৎসরিক সাধারণ সভার সাংগঠনিক ও সামগ্রীক কার্যাবলীর রির্পোট তৈরি এবং পেশ করিবেন। পরিষদের পক্ষে ও কার্যনির্বাহী কমিটির অনুমতি ক্রমে সাধারণ সম্পাদক যে কোন দলিল, চুক্তিপত্র ও অন্য কোন মূল্যবান এবং গুরুত্বপূর্ণ কাগজে দস্তগত করিবেন। পরিষদের সকল বিভাগীয় সম্পাদক ও যুগ্ম-সম্পাদকের উপর অর্পিত দায়িত্বের যথাযথ সমন্বয় করণের জন্য সাধারণ সম্পাদক দায়ী থাকবেন।

**যুগ্ম-সম্পাদকঃ**

যুগ্ম-সম্পাদক সাধারণ সম্পাদকের সকল কাজে সহযোগীতা করিবেন। সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে সাধারণ সম্পাদকের ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবেন।

**কোষাধ্যক্ষঃ**

কোষাধ্যক্ষা প্রতিটি খরচ অনুমোদিত কিনা নিশ্চিত করিবেন এবং যাবতীয় আয়-ব্যয়ের হিসাব সুষ্ঠভাবে রক্ষনাবেক্ষণ করিবেন।

১৬। **তহবিল:**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন হইতে সময় সময় প্রাপ্ত মঞ্জুরী লইয়া পরিষদের তহবিল গঠিত হইবে। তহবিলের অর্থ পরিষদের নামে কমিশন কর্তৃক নিদ্দিষ্টকৃত কোন তফসিলি ব্যাংকে রাখিতে হইবে। সাধারণ সম্পাদক, যুগ্ম-সম্পাদক এবং কোষাধ্যক্ষ এই তিন জনের মধ্যে হইতে কোষাধ্যক্ষ এবং সাধারণ সম্পাদক বা যুগ্ম-সম্পাদক যৌথভাবে এই ব্যাংক একাউন্ট পরিচালনা করিবেন। পরিষদের বিভিন্ন কাজের জন্য অর্থ সংস্থান এবং কমিশনের অর্থ বছরের বাজেটে বরাদ্দ রাখার জন্য পরিচালক অর্থ ব্যবস্থা গ্রহণ করবেন। দৈনন্দিক খরচ সাধারণ সম্পাদক ও সম্পাদক সম্পাদন করিবেন যাহা নির্বাহী কমিটির সভায় অনুমোদিত হইবে।

১৭। **অডিট কমিটি:**

ক) বার্ষিক সাধারণ সভায় হিসাব পরীক্ষকনিযুক্ত করা হইবে এবং পরবর্ত্তী বার্ষিক সভার পূর্বে তাঁহারা রির্পোট প্রদান করিবেন।

খ) কার্যনির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত ২ সদস্য বিশিষ্ট অডিট কমিটি বার্ষিক অর্থ সংক্রান্ত কাগজপত্র অডিট করিবেন এবং বাৎসরিক সাধারণ সভার অন্তত ১৫ (পনের) দিন পূর্বে উক্ত রির্পোট সাধারণ সম্পাদকের নিকট পেশ করিবেন।

গ) হিসাব পরীক্ষকগণ পরিষদের কার্যনির্বাহী কমিটির বহির্ভূক্ত হইবেন।